



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ।

www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেরক্রেবি/১/৩৭/অংশ-১২/২০২৩-২০২৪/ ২৩১৭ (২২৫৫)

তারিখঃ ০৪.০৪.২০২৪ খ্রি:

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা এর পত্র নং-বিকা(কুমিল্লা)/পরি-১(৬)/২০২৩-২০২৪/২৭৭১, তারিখ ২১/০৩/২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণের নিমিত্ত অত্র বিভাগের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৩/২০২৪, তারিখ: ০৯/০২/২০২৪ জারী করা হয়। উক্ত সার্কুলারের বিষয়ে বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা কর্তৃক নিম্নোক্ত বিষয়ে স্পষ্টীকরণ জানতে চাওয়া হয়েছে। এ প্রেক্ষিতে বার্ণত সার্কুলারের বিষয়ে মাঠ কার্যালয়ের অস্পষ্টতা বিপরীতে স্পষ্টীকরণের নিম্নরূপঃ

ক্রমিক নং	মাঠ কার্যালয়ের অস্পষ্টতা	স্পষ্টীকরণ
২.০১	ক) ইতোপূর্বে বিতরণকৃত ঋণসমূহ (যার বিপরীতে শাখা কর্তৃক বন্ধকি দলিল সম্পাদিত হয়েছে) নবায়নের ক্ষেত্রে এই বিধিমালা স্পষ্টীকরণ।	ক) বিকেবি, জেনারেল ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিপত্র নং-০৩/২০২৪, তারিখঃ ১৯/০২/২০২৪ মোতাবেক ইতোপূর্বে ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করা না হলে ঋণ নবায়নকালে, অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করতে হবে।
২.০২	খ) কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বিপণনের ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল বাধ্যতামূলক সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনের প্রয়োজনীয়তা।	খ) কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বিপণনের ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করতে হবে। কিন্তু ঋণ লিমিট ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার কম হলে বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিবন্ধন করতে হবে না।
২.০৩	গ) কৃষি ভিত্তিক এসএমই ঋণের ক্ষেত্রে পরিপত্র নং- ০৩/২০২৪ এর বিধিমালা স্পষ্টীকরণ।	গ) কৃষি ভিত্তিক এসএমই ঋণের লিমিট ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকার কম হলে বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিবন্ধন করতে হবে না। তবে, কৃষি ভিত্তিক এসএমই ঋণের ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করতে হবে।


চলমান পাতা-০২

:০২:

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটার্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

৩। এমতাবস্থায়, বিকেবি, জেনারেল ফ্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিপত্র নং-০৩/২০২৪, তারিখঃ ১৯/০২/২০২৪ এবং বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটার্নি দলিল বাধ্যতামূলক সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত



(মোহঃ খালেদুজ্জামান)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪


মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং- বিকেবি-প্রকা/জেঃফ্রেবি/১/৩৭)/অংশ-১২/২০২৩-২০২৪/ ১৬২৭ (২২৩০)

তারিখঃ ০৪.০৪.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১